দৈনিক
ইত্তেফাক

তারিখ 14 SEP 2017
পৃষ্ঠা ৬ কলাম ৩

# রায়পুরার সেরাজনগর মডেল স্কুল জাতীয়করণ না হওয়া পর্যন্ত ক্লাস বর্জনের ঘোষণা শিক্ষার্থীদের

■ রায়পুরা (নরসিংদী) সংবাদদাতা

নরসিংদীর রায়পুরা উপজেলার প্রাণকেন্দ্রে অবস্থিত ঐতিহ্যবাহী সেরাজনগর এম.এ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়কে জাতীয়করণের দাবিতে গতকাল বুধবার সকালে মানববন্ধন কর্মসূচি পালন করে শিক্ষার্থীরা। কর্মসূচিতে দাবি আদায় না হওয়া পর্যন্ত ক্লাস বর্জনের ঘোষণাও দেন প্রতিষ্ঠানে অধ্যয়নরত প্রায় আড়াইহাজার শিক্ষার্থী। ফলে উদ্বিগ্ন হয়ে পড়েছেন অভিভাবক মহল।

জানা যায়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা অনুযায়ী দেশের প্রতিটি উপজেলা সদরে একটি কলেজ ও একটি উচ্চ বিদ্যালয়কে জাতীয়করণ করা হবে। এরই পরিপ্রেক্ষিতে ইতোমধ্যে জাতীয়করণের তালিকায় রায়পুরা কলেজকে অন্তর্ভুক্ত করা হয়েছে। কিন্তু মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণ নিয়ে সচেতন মহলে দেখা দিয়েছে নানা প্রশ্ন।

এদিকে জাতীয়করণের সকল দিক থেকে উপজেলা সদরের প্রাণকেন্দ্রে অবস্থিত সেরাজনগর এম.এ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়টি দাবিদার হওয়া সত্ত্বেও জাতীয়করণের তালিকায় নাম আসে উপজেলা সদর এলাকা থেকে প্রায় ১০/১২ কি. মি. দূরে প্রত্যন্ত অঞ্চলে অবস্থিত একটি বিদ্যালয়ের নাম। এমন খবর শুনে বিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবকসহ সচেতন মহলে অভ্যন্তরীণ ক্ষোভের সৃষ্টি হয়। এরই পরিপ্রেক্ষিতে বিদ্যালয়টি জাতীয়করণের দাবিতে গত ৩০ আগস্ট রায়পুরা প্রেসক্লাবের সামনে মানববন্ধন কর্মসূচি পালন করে বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা। সর্বশেষ গতকাল বুধবার সকালে ক্লাস চলাকালে দ্বিতীয় ঘণ্টা পড়ার সঙ্গে সঙ্গেই ছাত্র-ছাত্রীরা হঠাৎ করে ক্লাস বর্জন করে বিদ্যালয় চত্বরে জড়ো হয়ে মানববন্ধন করে এবং পরে বিদ্যালয়টি জাতীয়করণ না হওয়া পর্যন্ত ক্লাস বর্জনের ঘোষণা দেন শিক্ষার্থীরা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর